# খুলনা সিটি কর্পোরেশন
## খুলনা
## হিসাব বিভাগ

ইং ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ বৃহঃবার বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের জি আই জেড সভাকক্ষে অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি এবং ০৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ সাহিদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট ঘোষনা অনুষ্ঠানের সার্বিক প্রস্তুতি ও বাজেট ঘোষনা অনুষ্ঠানের ব্যয় অনুমোদন বিষয়ে ৭ম সভার কার্যবিবরণী ঃ

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

০১। জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য ও সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ০৫ ও সদস্য, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি।
০২। জনাব এ্যাডঃ জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ১০ ও সদস্য, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি।

**সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

০১। জনাব ডাঃ স্বপন কুমার হালদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।
০২। জনাব মোঃ মনিরুজ্জামান, বি এ ও, কেসিসি।
০৩। জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), কেসিসি।
০৪। জনাব ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, কেসিসি।
০৫। জনাব আনিসুর রহমান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি।
০৬। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রকৌশলী, কেসিসি।
০৭। জনাব মোঃ অহিদুজ্জামান খান, রাজস্ব কর্মকর্তা, কেসিসি।
০৮। জনাব মোঃ রিদওয়ানুর রহমান, সহঃ আইটি ম্যানেজার, কেসিসি।
০৯। জনাব ইমরান হোসেন, সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা (অডিট), কেসিসি।
১০। জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, কেসিসি।
১১। জনাব এস কে এম তাসাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, কেসিসি।
১২। জনাব মোঃ ফারুক হোসেন তালুকদার, সিঃ লাইসেন্স অফিসার, কেসিসি।
১৩। জনাব মহিউদ্দিন হোসেন, স্টোর সুপার, কেসিসি।
১৪। জনাব মোঃ আব্দুল মাজেদ মোল্লা, বাজার সুপার, কেসিসি।
১৫। জনাব মোঃ হেমায়েত উদ্দিন খান, উচ্চমান সহকারি, কেসিসি।
১৬। জনাব মনিরুজ্জামান রহিম, সুপারিনটেনডেন্ট, (লাইসেন্স বানিজ্য), কেসিসি।
১৭। জনাব সৈয়দ লুৎফর রহমান, নিরাপত্তা সুপার, কেসিসি।
১৮। জনাব রওশন আরা খাতুন, হিসাব রক্ষক, কেসিসি।
১৯। জনাব মেহেদী মাসুদ, হিসাব সহকারী, কেসিসি।
২০। জনাব মোঃ আবু হাসান, সহকারী, কেসিসি।

(অপর পাতায়)

| আলোচ্যসূচি | আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| ১। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট বিশেষ সভায় প্রেরণের উদ্দেশ্যে চূড়ান্ত করণ ও সুপারিশ। | **জনাব মোঃ সাহিদুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৮ ও সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি,** তিনি মহান আল্লাহতায়ালার নাম স্মরণ করে উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভার কার্য্য শুরু করেন। অতঃপর তিনি বলেন, সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধানদের সহযোগিতায় খুলনা সিটি কর্পোরেশনের ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট তৈরী করা হয়েছে। এ বছর ৭৮.১৮% আমাদের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। আশা করি আল্লাহ্‌র রহমতে আগামী বছর শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবো। এবারের বাজেটে অন্যান্য বিভাগের পাশাপাশি কঞ্জারভেন্সী, পূর্ত, আইটি ও স্বাস্থ্য বিভাগকে অধিকতর গুরুত্ব দেয়া হয়েছে। ইতিমধ্যে আমরা বাজেটের উপর কয়েকটি সভা করেছি। সভায় আয় ও ব্যয়ের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। এই বাজেট ও বাজেট ঘোষণা অনুষ্ঠান সুন্দর ও সাবলিল করার জন্য সকলের সহযোগীতা চেয়েছেন। মাননীয় মেয়র মহোদয় দিনক্ষন ও সময় নির্ধারন করলে ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট খুলনাবাসীর সামনে ঘোষণা করবেন। আশা করি এই বাজেট ঘোষণা অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হবে। অতঃপর আলোচ্যসূচীর উপর বাজেট অফিসার কে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>**জনাব মোঃ মনিরুজ্জামান,** বিএও সাহেব, উপস্থিত সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে বলেন, মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সকল সদস্য, কর্মকর্তা বৃন্দদের মতামতের ভিত্তিতে বিভিন্ন শাখার তথ্যের আলোকে বাজেট প্রস্তুতির সকল কার্যক্রম সম্পন্ন করেছি। সকলের সহযোগীতায় বাজেট ২০২৪-২৫ খসড়া প্রস্তুত সম্পন্ন করেছি। বিগত দিনের অভিজ্ঞতার আলোকে বাজেটে মহানগরীর জনগনের আশা আকাঙ্খা পূরণ করাসহ বাস্তবধর্মী বাজেট প্রনয়ন করার চেষ্টা করেছি। বিভিন্ন প্রকল্প গুলোতে গত বছরের তুলনায় টাকা বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া কিছু কিছু শাখা থেকে আয় বৃদ্ধি করার লক্ষ্যমাত্রা বাড়ানো হয়েছে আবার অনেক ক্ষেত্রে ব্যয় কমানোর প্রচেষ্টা করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট ৮৪৬ **কোটি ৫৯ লক্ষ** টাকা ও ২০২৪ - ২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট **৯৮১ কোটি ৯৯ লক্ষ ৭৮ হাজার** টাকা ধরা হয়েছে। ইনশাআল্লাহ্‌ আগামীতে আমরা মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনায় লক্ষ্যমাত্রা সম্পূর্নভাবে অর্জন করতে সক্ষম হবো।<br><br>**জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, সম্মানিত কাউন্সিলর,** সংরক্ষিত আসন নং- ০৫ **বলেন,** আমরা আশাবাদী কেসিসি'র লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে পারবো। মাননীয় মেয়র মহোদয় সব সময় খুলনাবাসীর সামনে একটি পরিচ্ছন্ন বাজেট উপহার দিতে চান। সাথে সাথে মহানগরীর সমস্ত জনগনকে সাথে নিয়ে একটি সুন্দর পরিচ্ছন্ন নগরী গড়তে চান। বিভিন্ন প্রকল্পের টাকা সময়মত পেলে খুলনা একটি আধুনিক শহর হিসেবে গড়ে উঠবে বলে তিনি মনে করেন। যে সমস্ত বিভাগ/শাখা আদায়ের কাজ করে থাকেন তাদের কে আরও মনোযোগি হয়ে কাজ করার অনুরোধ জানান।<br><br>**জনাব এ্যাডঃ জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর,** সংরক্ষিত **আসন** - **১০,** তিনি বাজেটের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। বিভিন্ন শাখার আদায়ের বিষয়ে আরও মনোযোগি হওয়ার কথা বলেন। বাজেট ঘোষণা অনুষ্ঠানকে সুন্দর ও সার্থক করার জন্য সকলকে অনুরোধ জানান। | ১। ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট ৮৪৬ কোটি ৫৯ লক্ষ টাকা ও ২০২৪- ২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ৯৮১ কোটি ৯৯ লক্ষ ৭৮ হাজার টাকা মাত্র। যা বাজেট বিশেষ সভায় অনুমোদনের সুপারিশ করা হলো। |

(অপর পাতায়)

| আলোচ্যসূচি | আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| ২। ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানের সার্বিক প্রস্তুতি বিষয়ে আলোচনা। | **জনাব মোঃ সাহিদুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৮ ও সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি,** প্রতিবারের ন্যায় ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে কমিটি গঠন করা হয়ে থাকে। এবছরেও সে আলোকে ৪ টি কমিটি করার প্রস্তাব করেন।<br><br>কমিটি নং-১ঃ অনুষ্ঠানের রুমটির সাজ-সজ্জা, সুধীজন, নগরীর গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সাংবাদিকদের দাওয়াত পত্র বিতরণ, তাদের বসার স্থান নির্ধারন ইত্যাদি জনাব আবির-উল-জব্বার এ ও, জনাব এস কে এম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার সহ সাধারন প্রশাসনিক শাখার কর্মচারীদের কে সার্বিক দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br><br>কমিটি নং-২ঃ আগত মেহমানদের অভ্যর্থনার ব্যবস্থা করা, অতিথিবৃন্দের আপ্যায়নের বিষয়ে জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী এবং জনাব শেখ মোহাম্মদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী সহ পূর্ত বিভাগ কে সার্বিক দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br><br>কমিটি নং-৩ঃ সাউন্ড সিষ্টেম, লোকাল টিভি চ্যানেলে সম্প্রচার, ডকুমেন্টরি তৈরী ও প্রদর্শনসহ সার্বিক দায়িত্ব জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), জনাব মনিরুজ্জামান রহিম, সুপারিনটেনডেন্ট, (লাইসেন্স বানিজ্য), আইটি ম্যানেজারসহ সংশ্লিষ্টদের দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br><br>কমিটি নং-৪ঃ<br>১। জনাব এস,এম রফিউদ্দিন আহম্মেদ, প্যানেল মেয়র - ০১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৭।<br>২। জনাব এস,এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র - ০২, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৫।<br>৩। জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, প্যানেল মেয়র - ০৩, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ০৫ ও সদস্য, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি।<br>৪। জনাব মোঃ আলী আকবর, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫।<br><br>এছাড়া জনাব মোঃ সাইফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৯, জনাব মোহাম্মাদ জিয়াউল আহসান, সম্মানিত কাউন্সিলর, ২৮ জনাব এ্যাড. জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ১০, জনাব সানজিদা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ মনিরুজ্জামান, বিএও, জনাব আবির- উল- জব্বার, প্রশাসনিক কর্মকর্তা কে সার্বিক বিষয়ে লক্ষ্য রেখে বাজেট ঘোষণা অনুষ্ঠান সফল করার দায়িত্ব দেয়া যেতে পারে। | ২। কমিটি নং-১ঃ অনুষ্ঠানের রুমটির সাজ - সজ্জা, সুধীজন, নগরীর গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সাংবাদিকদের দাওয়াত পত্র প্রস্তুত ও বিতরণ, তাদের বসার স্থান নির্ধারণ ইত্যাদি জনাব আবির-উল-জব্বার এ ও, জনাব এসকে এম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসারসহ সাধারণ প্রশাসনিক শাখার কর্মচারীদের কে সার্বিক দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়।<br><br>কমিটি নং-২ঃ আগত মেহমানদের অভ্যর্থনার ব্যবস্থা করা, অতিথিদের আপ্যায়ন বিষয়ে জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী, জনাব শেখ মোহাম্মদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলীসহ পূর্ত বিভাগ কে সার্বিক দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়।<br><br>কমিটি নং-৩ঃ সাউন্ড সিষ্টেম, লোকাল টিভি চ্যানেলে সম্প্রচার, ডকুমেন্টরি তৈরী ও প্রদর্শনসহ সার্বিক দায়িত্ব জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), জনাব এস কে এম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, আইটি ম্যানেজারসহ অন্যান্যদের কে দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়।<br><br>কমিটি নং-৪ঃ<br>১। জনাব এস,এম রফিউদ্দিন আহম্মেদ, প্যানেল মেয়র - ০১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৭, সদস্য।<br>২। জনাব এস,এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র - ০২, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৫, সদস্য।<br>৩। জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু , প্যানেল মেয়র - ০৩, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ০৫, সদস্য।<br>৪। জনাব মোঃ আলী আকবর, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫, সদস্য।<br><br>এছাড়া জনাব মোঃ সাইফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৯, জনাব মোহাম্মাদ জিয়াউল আহসান, সম্মানিত কাউন্সিলর,২৮, জনাব এ্যাড. জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ১০, জনাব সানজিদা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ মনিরুজ্জামান, বিএও সহ জনাব আবির- উল- জব্বার, প্রশাসনিক কর্মকর্তা কে সার্বিক বিষয়ে লক্ষ্য রেখে বাজেট ঘোষণা অনুষ্ঠান সফল করার দায়িত্ব দেয়া যেতে পারে। |

(অপর পাতায় )

| আলোচ্যসূচি | আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| ৩। ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানের ব্যয় অনুমোদন প্রসঙ্গে আলোচনা। | **জনাব মোঃ সাহিদুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৮ ও সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি বলেন,** সকলে সু-শৃঙ্খলভাবে বিধি নিষেধ মেনে উপস্থিত গণ্যমান্য ব্যক্তিবর্গের সামনে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানের ব্যবস্থাপনা সুন্দর ও সার্থক করতে চাই। এ বিষয়ে যে সমস্ত কমিটির উপর অর্পিত দায়িত্ব দেয়া হয়েছে তা সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ করেন।<br><br>**জনাব মোঃ মনিরুজ্জামান, বিএও বলেন,** বাজারের দ্রব্যমূল্যের বৃদ্ধির কারণে বাজেটের খরচ গত বছরের তুলনায় কিছুটা বৃদ্ধি করার প্রস্তাব করেন। বাজেট অধিবেশনের দিন দুই গেট ফুল দিয়ে সাজানো, স্বাগতম ও খোদা হাফেজ লেখা, নতুন ভবনের ৩য় তলায় রেলিং এ ব্যানার, অধিবেশন কক্ষে ব্যানার, দাওয়াত কার্ড তৈরী, বাজেট বহির ফোল্ডার তৈরী, ডকুমেন্টরি তৈরী ও প্রদর্শন, খুলনা ভিশনে বাজেট ঘোষণা অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, খাবারের ব্যাগ তৈরী করণ, ডায়াসে ফুল দিয়ে সাজানো, বাজেট অধিবেশন কক্ষে বাড়তি চেয়ার, বাহিরে রিসিভশন টেবিল, আগত অতিথিদের<br>আপ্যায়নসহ =৩,৫৯,৭০০ টাকা,<br>ভ্যাট বাবদ =৫২,৮০০ টাকা **মোট=৪,১২,৫০০( চার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা**<br>বাজেট বই মুদ্রণ বাবদ=৮৮,০০০ টাকা,<br>ভ্যাট বাবদ=১৬,৫০০ টাকা মোট= **১,০৪,৫০০ (এক লক্ষ চার হাজার পাঁচশত) টাকা**<br>**সর্বমোট =৫,১৭,০০০ (পাচঁ লক্ষ সতের হাজার) টাকা** মাত্র বাজেট অধিবেশনে খরচ হবে মর্মে উল্লেখ করেন।<br><br>**এছাড়া বাজেট প্রস্তুত ও তৈরী করার কাজের সাথে জড়িত কর্মকর্তা, কর্মচারীদের সম্মানী ভাতা প্রদান করার জন্য উপস্থিত সকলে একমত প্রকাশ করেন।** | ৩। ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানের খরচ বাবদ=৪,১২,৫০০( চার লক্ষ বার হাজার পাঁচশত) টাকার ব্যয় বরাদ্দের সুপারিশ করেন। যা হিসাব বিভাগের সহকারী হিসাব রক্ষক জনাব সেখ আসলাম হোসেনের নামে অগ্রীম প্রদান ও বাজেট বই মুদ্রণ বাবদ **=১,০৪,৫০০ (এক লক্ষ চার হাজার পাঁচশত)** টাকার ব্যয় বরাদ্ধের ও **বাজেট প্রস্তুত ও তৈরী করার কাজের সাথে জড়িত কর্মকর্তা, কর্মচারীদের সম্মানী ভাতা প্রদান করার সুপারিশ করেন।** |

অতঃপর সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

( মোঃ সাহিদুর রহমান )
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি।

নং ৪৬.১৩.০০০০.২১.০৬.২৩- তারিখ- খ্রিঃ

**অনুলিপি ঃ**

১। সকল সম্মানিত সদস্য, **বাজেট প্রস্তুত ও পরিচালনা কমিটি**, কেসিসি।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি।
৩। বিভাগীয় প্রধানগণ, কেসিসি।
৪। সি এ টু মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। ওয়ার্ড সচিব, ২৫ নং ওয়ার্ড, কেসিসি।
৬। গার্ড ফাইল/নথি।

মো: সাহিদুর রহমান ০২/০৮/২০২৪

( মোঃ সাহিদুর রহমান )
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি।

# মন্তব্য পত্র

## খুলনা সিটি কর্পোরেশন

পেশ করা যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিতে অনুমোদন হওয়ায় কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করতঃ ০৫(পাঁচ) কপি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে বাজেট কাম একাউন্টস্ অফিসার জনাব মোঃ মনিরুজ্জামান কে গাড়ীযোগে ২৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখে ঢাকা গমনের অনুমতি প্রদান করা যেতে পারে।

শেখ সৈয়েদুর রহমান
হিসাব রক্ষক
হিসাব বিভাগ
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

মুহম্মাদ ইমরান হোসেন
সহঃ হিসাব রক্ষণ কর্মকর্তা (অডিট)
খুলনা সিটি কর্পোরেশন।

মোঃ মনিরুজ্জামান
বাজেট কাম একাউন্টস্ অফিসার
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

প্রঃ নিঃ কঃ

লস্কার তাজুল ইসলাম
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।